



# আখাবাদ বালিকা বিদ্যালয়

রোডঃ ১৭, সিডিএ আবাসিক এলাকা, চট্টগ্রাম

পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের জন্য চতুর্থ সপ্তাহের এ্যাসাইনমেন্টের বিষয়বস্তু

মোট সময়: ৩ ঘন্টা, তিন বিষয়ের জন্য ১ ঘন্টা ৩০ মিনিট

বিষয়: বাংলা

প্রদত্ত কবিতাংশটি পড়ে ১ ও ২ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখো:

ফুল পাখি নই, নইকো পাহাড়  
ঝরনা সাগর নই  
মায়ের মুখের মধুর ভাষায়  
মনের কথা কই।  
বাংলা আমার মায়ের ভাষা  
শহিদ ছেলের দান  
আমার ভাইয়ের রক্তে লেখা  
ফেব্রুয়ারির গান।

১। নিচের শব্দগুলোর অর্থ লেখো: (যে কোন ৫টি) ৫

ফুল, ঝরনা, সাগর, কথা কই, শহিদ, দান

২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখো:

ক) ফেব্রুয়ারির গান কার রক্তে লেখা হয়েছে? কেন? ২  
খ) বাংলাকে মায়ের ভাষা বলা হয়েছে কেন? চারটি বাক্যে লেখো। ৪  
গ) বাংলা ভাষাকে ‘শহিদ ছেলের দান’ বলা হয়েছে কেন? চারটি বাক্যে লেখো। ৪

৩। নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত নির্দেশনা (কে, কী, কোথায়, কীভাবে, কেন, কখন) অনুযায়ী

৫টি প্রশ্ন তৈরি করে উত্তরপত্রে লেখো: ১×৫=৫  
মামা বললেন, তোমাদের কাল কুমারপাড়ায় নিয়ে যাব। পরদিন আমরা দেখতে গেলাম কুমারপাড়া। আনন্দপুর গ্রামের উত্তর দিকে আট-দশ ঘর বসতবাড়ি। এই নিয়ে কুমারপাড়া। এখানে সবাই ব্যস্ত। কেউ মাটির তাল চাক করে সাজিয়ে রাখছেন। কেউ বা কাঠের চাকায় মাটি লাগিয়ে নানা আকারের পাত্র বানাচ্ছেন। কেউ বা এগুলো সারি সারি করে শুকোতে দিচ্ছেন রোদে। পাশেই রয়েছে মাটির জিনিস পোড়ানোর চুলা। মাটির পোড়া গন্ধ পাচ্ছি। আর ধোঁয়া বেরোচ্ছে। ছোট ছোট ছেলেমেয়েরাও এ কাজ করছে। মামা বললেন, হাঁড়ি কলসি ছাড়াও আমাদের দেশে এক সময় সুন্দর পোড়ামাটির ফলকের কাজ হতো। এর অন্য নাম টেরাকোটা।

## Subject: English

Read the text and answer the following questions:

Tamal : Hi, my friend! Nasreen and I are reporters for the English Club Magazine. Would you mind answering some questions?  
Sima : Sure. No problem. It's my pleasure.  
Tamal : Could you tell me your name and which class you are in?  
Sima : I'm Sima. I'm in class 5.  
Tamal : How do you spend your leisure time, Sima?  
Sima : Well, I like to walk in the park. I also like to sing. My cousin lives in the UK. Sometimes, I talk to her and her friends on the internet.  
Nasreen : So, talking on the internet keeps you connected.  
Sima : That's right.  
Tamal : (to Biju) Hello! Can I ask you the same questions?  
Biju : My name's Biju and I'm in class 5, too. I love swimming. It keeps me fit. I also like painting. I'm not very good, but painting makes me happy.  
Tamal : What about reading? Do either of you like reading?  
Biju : I do. I often read magazines in my free time. I like magazines about sports, especially football and cricket.  
Sima : Oh, I like to read, too. I love reading funny stories, especially stories of Nasiruddin Hojja.

1. Write True for correct statement and False for incorrect statement. 1×5=5

- Tamal is a representative.
- Biju is in Class 5?
- Sima likes reading fairy tale.
- Swimming keep Biju unfit.
- Tamal wants to ask some questions to Sima.

2. Write a short composition on “Your Leisure Time”. [Write at least five sentences to the topic. Remember to use capital letters, punctuation, correct spelling and sentence structure.] 10

## বিষয়: গণিত

- ১। কোনো ছাত্রাবাসে ২৫৫ জন ছাত্রের ১ মাসের খাবার আছে।
- প্রতিজনে ৭৫ টাকা হিসাবে নাস্তা খরচ বাবদ মোট কত টাকা খরচ হবে? ২
  - যদি ছাত্রাবাসে আরও ৫১ জন ছাত্র আসে তবে ঐ খাবার কতদিন চলবে? ৩
  - যদি ১০৫ জন ছাত্র চলে যায় তবে ঐ খাদ্য অতিরিক্ত আর কতদিন চলবে? ৩

- ২। রাজু এবং রনির একত্রে ৬৯০টি লিচু আছে। রাজু অপেক্ষা রনির ৮৬টি লিচু কম আছে।  
 ক) তাদের প্রত্যেকের কতটি লিচু আছে? ৪  
 খ) যদি রনি অপেক্ষা রাজুর ৮০টি লিচু কম থাকত, তাহলে প্রত্যেকের কতটি লিচু থাকতো? ৪
- ৩। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও: ১×৪=৪  
 ক) ঐকিক নিয়ম কাকে বলে?  
 খ) ১২- { ৪৪÷(৫+৬) }×৩= কত?  
 গ) ১ জোড়া খরগোশের ক্রয়মূল্য ৩৪৮০ টাকা, ৮টি খরগোশের ক্রয়মূল্য কত টাকা?  
 ঘ) একটি পৈপের ওজন ৫০০ গ্রাম হলে, এরূপ ২টি পৈপের ওজন কত কেজি?

### বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়

- ১। শূণ্যস্থান পূরণ কর: ১×১০=১০  
 ক) আঠারো শতকের শেষভাগ থেকে \_\_\_\_\_ জুড়ে ইস্ট-ইন্ডিয়া কোম্পানির বিরুদ্ধে অনেকবার বিদ্রোহ সংঘটিত হয়।  
 খ) \_\_\_\_\_ সিপাহি বিদ্রোহের গুরুত্ব অপরিসীম।  
 গ) সেনাবাহিনীতে সিপাহী পদে \_\_\_\_\_ সংখ্যাধিক্য ছিল।  
 ঘ) ১৮৫৬ সালের পর ভারতের বাইরেও \_\_\_\_\_ কাজ করার নির্দেশ দেওয়া হয়।  
 ঙ) সৈন্যদের আন্দোলনকে \_\_\_\_\_ জানানোর জন্য সাধারণ মানুষ প্রস্তুত ছিল।  
 চ) মহারাণী \_\_\_\_\_ স্বাধীনভাবে ভারত শাসন করতে থাকেন।  
 ছ) বিশ শতক পর্যন্ত ব্রিটিশ শাসনের বিরুদ্ধে \_\_\_\_\_ চলতে থাকে।  
 জ) \_\_\_\_\_ ভারতীয় জাতীয় কংগ্রেস নামে একটি রাজনৈতিক দল গঠিত হয়।  
 ঝ) ১৯০৫ সালে \_\_\_\_\_ প্রদেশকে ভাগ করার সিদ্ধান্ত নেয়া হয়।  
 ঞ) নারী জাগরণের অগ্রদূত \_\_\_\_\_ নারী শিক্ষা প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।
- ২। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও: ২×৫=১০  
 ক) ব্রিটিশদের বিরুদ্ধে সংঘটিত দুটি আন্দোলনের নাম লিখ।  
 খ) জনগণের আন্দোলনে ব্রিটিশরা ভারত ত্যাগ করতে বাধ্য হয়। তারা কত সালে ভারত ত্যাগ করেছিল?  
 গ) তিতুমির বারাসতের কাছে নারিকেলবাড়িয়ায় একটি বাঁশের কেলা নির্মাণ করেছিলেন। তিনি কেন এ বাঁশের কেলা নির্মাণ করেছিলেন?  
 ঘ) পশ্চিম বাংলার ব্যারাকপুরে একটি বিদ্রোহ শুরু হয়। এ বিদ্রোহ কি নামে পরিচিত? কার নেতৃত্বে এ বিদ্রোহ শুরু হয়?  
 ঙ) ব্রিটিশ আমলে প্রতিষ্ঠিত দুটি রাজনৈতিক দলের নাম লিখ।

### বিষয়: বিজ্ঞান

- ১। পানি চক্র কী? জীবের জন্য পানি অত্যন্ত প্রয়োজনীয় - ব্যাখ্যা দাও। ৫  
 ২। সংক্ষিপ্ত প্রশ্ন উত্তর লিখ। ২×৫=১০  
 ক) পানির মানবসৃষ্ট উৎসগুলো কী কী?  
 খ) ঘনীভবন কাকে বলে?  
 গ) বাষ্পীভবন কাকে বলে?  
 ঘ) তাপ প্রয়োগে পানির অবস্থার কী পরিবর্তন হয়?  
 ঙ) কিভাবে বাষ্পকে বরফে পরিণত করবে?

### বিষয়: ইসলাম ও নৈতিক শিক্ষা

- ১। শূণ্যস্থান পূরণ কর: ১×৪=৪  
 ক) কুরআন মজিদ আল্লাহ তায়ালার \_\_\_\_\_।  
 খ) \_\_\_\_\_ আমাদের মাতৃভাষা।  
 গ) আরবি হরফ উচ্চারণের স্থানকে বলে \_\_\_\_\_।  
 ঘ) কুরআন মজিদ হলো সর্বশেষ \_\_\_\_\_ কিতাব।
- ২। সংক্ষিপ্ত প্রশ্ন: ২×২=৪  
 ক) কুরআন মজিদ পাঠের উদ্দেশ্য কয়টি?  
 খ) তাজবীদ কাকে বলে?
- ৩। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও: ৬×২=১২  
 ক) কুরআন মজিদ কার বাণী? সঠিক উচ্চারণে কুরআন মজিদ তিলাওয়াত করার কী কী লাভ আছে উল্লেখ কর।  
 খ) কুরআন মজিদ তিলাওয়াত করলে কী কী বিষয় জানতে পারবে তার একটি তালিকা তৈরি কর।

### বিষয়: হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা

- ১। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ: ৬×২=১২  
 ক) ভালো কাজ কী? প্রত্যেক মানুষের কেন ভালো কাজ করা প্রয়োজন? চারটি বাক্যে লেখ।  
 খ) নিত্যকর্ম কী? প্রতিদিন কেন নিয়ম মেনে কাজ করতে হয়? চারটি বাক্যে লেখ।
- ২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: ২×৪=৮  
 ক) নিয়মানুবর্তিতা অনুশীলনে কী ফল পাওয়া যায়?  
 খ) ধর্মচর্চার জন্য তুমি কী কর দু'টি বাক্যে লেখ?  
 গ) মোক্ষ কাকে বলে?  
 ঘ) ভালো কাজ কী? তার ফলে কী হয়?

বিষয়: বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা

- ১। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ: ৬×২=১২
- ক) শীলবান ব্যক্তির বিশেষ গুণগুলো তুলে ধর।  
খ) গৃহী শীল ও শ্রামণ্য শীলের মধ্যে পার্থক্য নির্ণয় কর।
- ২। শূন্যস্থান পূরণ কর: ১×৪=৪
- ক) শ্রামণদের নিত্য \_\_\_\_\_ শীলই দশশীল।  
খ) শীলবানেরা সজ্ঞানে \_\_\_\_\_ করেন।  
গ) \_\_\_\_\_ সুখের পথ খুঁজে পান।  
ঘ) যে সকল \_\_\_\_\_ প্রাণীকে দান দেওয়া ভালো।
- ৩। নিচের প্রশ্নগুলো সংক্ষেপে উত্তর দাও: ২×২=৪
- ক) শ্রামণ্য শীল কাকে বলে?  
খ) নৈতিক গুণের তিনটি উদাহরণ দাও।

দ্রষ্টব্যঃ প্রতিটি বিষয়ের জন্য পৃথক পৃথক উত্তরপত্র ব্যবহার করতে হবে।